

# এমপিওভুক্ত হচ্ছেন ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা



সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৫ মার্চ ২০২৫ | ২১:২৬



ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকদের দাবি পূরণ হতে যাচ্ছে। এমপিওভুক্ত হতে যাচ্ছেন প্রথম ধাপে ১ হাজার ৫১৯ মাদ্রাসার ৬ হাজারের বেশি শিক্ষক। তাদের এমপিওভুক্তির প্রস্তাবের ফাইলে শেষ দিন বুধবার স্বাক্ষর করেছেন বিদায়ী শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে খুব দ্রুত তারা এমপিওভুক্ত হবেন।

ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, একই কারিকুলামে পড়াশোনা করলেও সরকারি প্রাথমিক শিক্ষকদের সঙ্গে ইবতেদায়ি শিক্ষকদের চরম বৈষম্য আছে। এটি নিরসনের উদ্যোগ নেওয়া হয়েছে। দেশে অনেক ইবতেদায়ি মাদ্রাসা আছে। এর মধ্যে

অনেকগুলো অনানুষ্ঠানিক। কিন্তু অনেক প্রতিষ্ঠানের নথি (রেজিস্ট্রেশন) আছে। সরকারি প্রাথমিক স্কুলের মতো তারা বাংলা, ইংরেজি, গণিত পড়াচ্ছেন। অবকাঠামো, শিক্ষক থাকার পরও তাদের এমপিওভুক্ত করা হয়নি। সেই কাজ আমি করে দিয়েছি।

কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব ড. খ ম কবিরুল ইসলাম বলেন, বিদায়ী উপদেষ্টা এই ফাইলে স্বাক্ষর করেছেন। ফাইলটি প্রধান উপদেষ্টার অনুমতির জন্য পাঠানো হবে। তিনি অনুমতি দিলে খুব দ্রুত শিক্ষকদের এমপিওভুক্ত করা হবে। কত দিন লাগতে পারে জানতে চাইলে সচিব বলেন, অর্থ মন্ত্রণালয় চলতি বছরের বাজেট বরাদ্দ থেকে অর্থ ছাড়ের আশ্বাস দিয়েছে। মে মাসের বেতন যেন শিক্ষকরা পান সেই চেষ্টা চালাচ্ছি।

সংশ্লিষ্টরা বলছেন, এর আগে এ বিষয়ে কয়েক দফা উদ্যোগ নিলেও শেষ পর্যন্ত বাস্তবায়ন হয়নি। এবার পরিবর্তিত পরিস্থিতিতে নতুন সচিবের নেতৃত্বে শিক্ষকদের দুঃখ মোচনের উদ্যোগ নেওয়া হচ্ছে। এই শিক্ষকদের এমপিও দিতে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট থেকে ১৬ কোটি টাকা বরাদ্দ দেওয়ার প্রস্তাবনা প্রধান উপদেষ্টার কার্যালয়ে পাঠানো হচ্ছে।

